

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৩৪

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حناب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

আরবী

وَعَن سلمَان قَالَ: سُئِلَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْجَرَادِ فَقَالَ: «أَكْثَرُ جُنُودِ اللَّهِ لَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْجَرَادِ فَقَالَ: «أَكْثُرُ جُنُودِ اللَّهِ لَا أَكُلُهُ وَلَا أُحَرِّمُهُ» . رَوَاهُ أَبُو دَاؤُدُ وَقَالَ محيي السّنة: ضَعِيف

বাংলা

8১৩৪-[৩১] সালমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে টিডিড (খাওয়া) সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি বললেনঃ আল্লাহর এমন বহু সৃষ্টজীব জাতি আছে, যা আমি খাইও না এবং হারামও বলি না। (আবু দাউদ)[1]

ইমাম মুহয়িইউস্ সুন্নাহ্ (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এ হাদীসটি দুর্বল।

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৮১৩, ইবনু মাজাহ ৩২১৯, য'ঈফাহ্ ১৫৩৩, য'ঈফ আল জামি' ১০৯৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬০২৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৪৬৬।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো এর সানাদটি মুরসাল। ''সুলায়মান আত্ তামীমী'' মুরসাল বর্ণনাকারী। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় য'ঈফাহ ৪/৪২-৪৩ পৃঃ, হাঃ১৫৩৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীস থেকে বুঝা যায় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম টিডিড খাওয়া থেকে বিরত থাকতেন, যেমন তিনি দব্ব খাওয়া থেকে নিজেকে বিরত রেখেছেন। তারপরও হাদীসটি মুরসাল। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৩৮০৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন